# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

## কেন্দ্রীয় হিসাব বিভাগ

**হিসাব পরিপত্র নং-০৪/২০২০** **তারিখঃ ১৫.০৬.২০২০**

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট সঙ্কট মোকাবেলায় কৃষকের অনুকূলে প্রণোদনা সুবিধার আওতায় শস্য ও ফসল খাতে ৪% রেয়াতি সুদ হারে কৃষি ঋণ প্রদানের লক্ষ্যে এর হিসাবায়ন পদ্ধতি প্রসংগে।

শিরোনামাধীন বিষয়ে বিকেবি, প্রকা, ক্রেডিট বিভাগের ০৩.০৫.২০২০খ্রিঃ তারিখের সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেবি(শাখা-১) ৩(৭)/২০১৯-২০২০/১১২৭(১২৫০) এবং এতদসংক্রান্ত বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০২ তারিখ ২৭.০৪.২০২০খ্রিঃ এর প্রতি দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। অত্র ব্যাংকের বর্ণিত পত্র এবং বাংলাদেশ ব্যাংকের সার্কুলারের মাধ্যমে নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে আগামীতে খাদ্যের উৎপাদন ও খাদ্য সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচীতে উল্লিখিত ধান গমসহ সকল দানা শস্য, অর্থকরী ফসল, শাক-সবজি ও কন্দাল ফসল চাষের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে সুদ-ক্ষতি সুবিধার আওতায় কৃষক পর্যায়ে প্রণোদনা হিসেবে সর্বোচ্চ ৪% রেয়াতি সুদ হারে কৃষি ঋণ বিতরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। **বিতরণকৃত ঋণসমূহের বিপরীতে** বাংলাদেশ ব্যাংক হতে **প্রকৃত সুদ-ক্ষতি** বাবদ ৫% হারে সুদ-ক্ষতি পুনঃভরণ সুবিধা প্রাপ্য হবে।

০৩। **১ এপ্রিল ২০২০ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত মেয়াদীয়** "নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট সঙ্কট মোকাবেলায় শস্য ও ফসল খাতে ৪% রেয়াতি সুদ হারে কৃষি ঋণ প্রদান" নামীয় আলোচ্য স্কীমের আওতায় **কৃষক পর্যায়ে চলমান এবং নতুন ঋণগ্রহিতা উভয় ক্ষেত্রে অত্র ব্যাংকে ৪% সুদ হার প্রযোজ্য হবে**। **বিতরণকৃত ঋণসমূহের বিপরীতে** বাংলাদেশ ব্যাংক হতে **প্রকৃত সুদ-ক্ষতি** বাবদ অত্র ব্যাংক ৫% হারে সুদ-ক্ষতি পুনঃভরণ সুবিধা প্রাপ্য হবে। স্কীমের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে সরাসরি কৃষক পর্যায়ে ৪% সুদ হার নিশ্চিত করতে হবে। **ঋণ মঞ্জুরী পত্র অনুযায়ী নির্ধারিত মেয়াদ (ডিউ ডেট) শেষে কোন ঋণ সম্পূর্ণ বা আংশিক অনাদায়ী থাকলে তার উপর রেয়াতি সুদ হার প্রযোজ্য হবে না বরং মেয়াদোত্তীর্ণ বকেয়ার উপর ঋণ বিতরণের তারিখ হতে ব্যাংকের নির্ধারিত স্বাভাবিক সুদ হার প্রযোজ্য হবে। ৩০ জুন, ২০২১ এর পর চলমান ঋণসমূহের অবশিষ্ট মেয়াদের জন্য ব্যাংকের নির্ধারিত স্বাভাবিক সুদ হার প্রযোজ্য হবে**।

০৪। রেয়াতি সুদে বিতরণকৃত ঋণের আদায়কৃত/সমন্বয়কৃত ঋণ হিসাবসমূহের বিপরীতে সংশ্লিষ্ট অর্থবছর (৩০.০৬.২০২০ এবং ৩০.০৬.২০২১) সমাপ্তির ০১ (এক) মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট প্রকৃত সুদ-ক্ষতি বাবদ ব্যাংক ৫% হারে আর্থিক ক্ষতিপূরণের আবেদন পেশ করবে। উক্ত আবেদনের সঙ্গে ব্যাংক উপরে উদ্ধৃত ক্রেডিট বিভাগের ০৩.০৫.২০২০খ্রিঃ তারিখের সার্কুলার লেটারের সংযুক্ত ছক মোতাবেক বিবরণী এবং সরাসরি কৃষকের অনুকূলে ৪% হারে ঋণ বিতরণ করা হয়েছে মর্মে সকল শাখা হতে প্রত্যায়ন পত্র সংগ্রহপূর্বক বাংলাদেশ ব্যাংকের নিকট দাখিল করবে। **ক্রেডিট বিভাগের বর্ণিত সার্কুলার লেটারের সংযুক্ত ছক মোতাবেক শাখা ৫% সুদ ক্ষতিপুরণের হিসাবায়নসহ একটি বিবরণী সংরক্ষন করবে। ক্রেডিট বিভাগের চাহিদানুযায়ী শাখায় সংরক্ষনকৃত এতদসংক্রান্ত বিবরণী এবং কৃষকের অনুকূলে ৪% হারে ঋণ বিতরণ করা হয়েছে মর্মে শাখার প্রত্যায়ন পত্রসহ চাহিদাকৃত অন্যান্য কাগজপত্রাদি শাখা তাৎক্ষনিকভাবে ক্রেডিট বিভাগে দাখিল করবে। এক্ষেত্রে শাখা কর্তৃক নুন্যতম বিলম্ব করার অবকাশ নেই**।

০৫। চলতি ২০১৯-২০ অর্থবছরের অতিক্রান্ত সময়ের মধ্যে যে সকল ঋণ ইতোমধ্যে কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচিতে উল্লিখিত দানা শস্য, অর্থকরী ফসল, শাক-সবজি ও কন্দাল ফসল চাষে বিতরণ করা হয়েছে তন্মধ্যে, শুধুমাত্র এপ্রিল-জুন, ২০২০ ত্রৈমাসিকে আদায়কৃত/সমন্বয়কৃত ঋণসমূহের বিপরীতে এপ্রিল-জুন মাসের বকেয়া ঋণ স্থিতির উপর ব্যাংকসমূহ চলতি ২০১৯-২০ অর্থবছর শেষে আর্থিক ক্ষতিপূরণ দাবী করতে পারবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণগুলোর বিদ্যমান সুদ হার ১ এপ্রিল, ২০২০ হতে ৪% এ পুনঃনির্ধারণ করতে হবে। এছাড়া, ২০২০-২১ অর্থবছরে আদায়কৃত/সমন্বয়কৃত ঋণসমূহের বিপরীতে ব্যাংক উক্ত অর্থবছর শেষে আর্থিক ক্ষতিপূরণ দাবী করবে।

০৬। বাংলাদেশ ব্যাংক দৈবচয়ন (random sampling) ভিত্তিতে **রেয়াতি হারে যোগ্য বলে দাবীকৃত ঋণের** ন্যূনপক্ষে ১০% ঋণ নথি সরেজমিনে যাচাই করবে এবং যাচাইকৃত ঋণের মধ্যে যে পরিমাণ ঋণ নিয়মানুযায়ী প্রদেয় হয়নি মর্মে প্রমাণিত হবে তার শতকরা হার নির্ণয় করত তা পুরো দাবীকৃত ঋণের উপর কার্যকরপূর্বক প্রকৃত ক্ষতিপূরণ নির্ধারণ করবে এবং এর ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক তার নিজস্ব উৎস হতে ব্যাংকসমূহের সুদ ক্ষতির অর্থ পরিশোধের ব্যবস্থা করবে।

০৭। স্কীমটি বাস্তবায়নে নিম্মোক্ত নতুন হিসাব উপ-খাত খোলা হলো ঃ

| খাতের নাম | মূল খাত | উপ-খাত |
|---|---|---|
| "নভেল করোনা মোকাবেলায় শস্য ও ফসল খাতে ৪% রেয়াতি সুদ হারে কৃষি ঋণ প্রদান" এর ফলে বাংলাদেশ ব্যাংক হতে প্রকৃত সুদ-ক্ষতি বাবদ প্রাপ্তব্য ৫% হারে সুদ-ক্ষতি পুনঃভরণ সুবিধা | ১৩১ | ১৭০ |

চলমান পাতা-২

০৮। হিসাবায়ন পদ্ধতি ঃ

৮.১ স্কীমের আওতাভুক্ত প্রতিটি ঋণ হিসাবে বিদ্যমান সুদ হার ১ এপ্রিল, ২০২০ হতে ৪% এ পুনঃনির্ধারণ করতে হবে।

৮.২ ৩০.০৬.২০২০ তারিখের মধ্যে স্কীমের আওতাভুক্ত মেয়াদোত্তীর্ন হয়নি (ডিউ ডেটের মধ্যে) এরুপ আদায়কৃত/সমন্বয়কৃত ঋণের ক্ষেত্রে আদায়কৃত/সমন্বয়কৃত তারিখ পর্যন্ত হিসাবটিতে যথারীতি ৯% হারে সুদ ধার্য্য করতঃ আয় খাতে নিতে হবে। তৎপরবর্তীতে ০১.০৪.২০২০ তারিখ থেকে কিম্বা বিতরণের তারিখ ০১.০৪.২০২০ এর পর হলে বিতরণের তারিখ থেকে আদায়কৃত/সমন্বয়কৃত তারিখ পর্যন্ত এ সময়কালের স্থিতির উপরে ৫% হারে সুদ ধার্য্য করতঃ ঋণ হিসাব ক্রেডিট করে ১৩১/১৭০ (সুদ-ক্ষতি হিসাব) ডেবিট করতে হবে।

৮.৩ ৩০.০৬.২০২০খ্রিঃ সুদ ধার্য্যের সূত্র তারিখে স্কীমের আওতাভূক্ত সকল ঋণে (৪% এ পুনঃনির্ধারণ করা হলেও) যথারীতি ৯% হারে সুদ ধার্য্য করতঃ আয় খাতে নিতে হবে।

৮.৪ ০১.০৭.২০২০ তারিখের পর থেকে ৩০.০৬.২০২১ তারিখের মধ্যে আলোচ্য স্কীমের আওতাভূক্ত মেয়াদোত্তীর্ন হয়নি (ডিউ ডেটের মধ্যে) এরুপ আদায়কৃত/সমন্বয়কৃত ঋণের ক্ষেত্রে সুদ ধার্য্যের পূর্ববর্তী সূত্র তারিখের (যেহেতু ৩০.০৬.২০২০ সূত্র তারিখে ৯% হারে সুদ ধার্য্য করা হয়েছে) পর থেকে আদায়কৃত/সমন্বয়কৃত তারিখ পর্যন্ত হিসাবটিতে যথারীতি ৯% হারে সুদ ধার্য্য করতঃ আয় খাতে নিতে হবে। তৎপরবর্তীতে ০১.০৪.২০২০ তারিখ থেকে কিম্বা বিতরণের তারিখ ০১.০৪.২০২০ এর পর হলে বিতরণের তারিখ থেকে আদায়কৃত/সমন্বয়কৃত তারিখ পর্যন্ত এ সময়কালের স্থিতির উপরে ৫% হারে সুদ ধার্য্য করতঃ ঋণ হিসাব ক্রেডিট করে ১৩১/১৭০ (সুদ-ক্ষতি হিসাব) ডেবিট করতে হবে।

৮.৫ ৩০.০৬.২০২১খ্রিঃ সুদ ধার্য্যের সূত্র তারিখে স্কীমের মেয়াদপুর্তিতে আওতাভূক্ত সকল ঋণে যথারীতি বিদ্যমান সুদ হার ৯% ধার্য্য করতঃ আয় খাতে নিতে হবে। ইতোমধ্যে বিদ্যমান সুদ হারের পরিবর্তন হলে পরিবর্তীত হার প্রযোজ্য হবে।

৮.৬ শাখার ১৩১/১৭০ (সুদ-ক্ষতি হিসাব) সমন্বয়ের বিষয়ে শাখাকে পরবর্তীতে প্রধান কার্যালয় কর্তৃক অবহিত করা হবে। শাখাকে সুচারুভাবে এতদসংক্রান্ত হিসাব সংরক্ষন করতে হবে। কেননা বাংলাদেশ ব্যাংক দৈবচয়ন (random sampling) ভিত্তিতে রেয়াতি হারে যোগ্য বলে দাবীকৃত ঋণের ন্যূনপক্ষে ১০% ঋণ নথি সরেজমিনে যাচাই করবে এবং যাচাইকৃত ঋণের মধ্যে যে পরিমাণ ঋণ নিয়মানুযায়ী প্রদেয় হয়নি মর্মে প্রমাণিত হবে তার শতকরা হার নির্ণয় করত তা পুরো দাবীকৃত ঋণের উপর কার্যকরপূর্বক প্রকৃত ক্ষতিপূরণ নির্ধারণ করবে। **পুনরায় এতদবিষয়ে শাখাকে সচেষ্ট থাকার জন্য পরামর্শ প্রদান করা হলো।**

৮.৭ ঋণ হিসাব খাত অপরিবর্তীত থাকবে।

৮.৮ স্কীমভুক্ত প্রতিটি ঋন নথি, ঋন আবেদনপত্র, ঋন মঞ্জুরীপত্র এবং ঋন হিসাবে "নভেল করোনা সঙ্কটে শস্য ও ফসল খাতে মেয়াদের (ডিউ ডেট) মধ্যে পরিশোধ সাপেক্ষে তবে ৩০.০৬.২০২১খ্রিঃ তারিখের পরে নয় ৪% রেয়াতি সুদ হারে কৃষি ঋণ প্রদান" লেখা থাকবে।

০৯। আইসিটি সিষ্টেমস, কার্ড এন্ড মোবাইল ব্যাংকিং বিভাগ কর্তৃক সিবিএস এর অন্তর্ভূক্ত অনলাইন এবং অফলাইন শাখার করণীয় সম্পর্কে এতদসংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা ও সহায়তা প্রদান করা হবে।

১০। উপরোক্ত নির্দেশনা ১ এপ্রিল, ২০২০ হতে কার্যকর বলে গণ্য হবে।

অনুমোদনক্রমে-

১৫/০৬/২০২০

(পারভীন আকতার)
মহাব্যবস্থাপক
আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১(২০)/২০১৯-২০২০/৯৭৫(১২৫০) তারিখঃ ১৫.০৬.২০২০

<u>সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, ষ্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, প্রকা/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
০৭। <u>উপমহাব্যবস্থাপক, আইসিটি সিষ্টেমস, কার্ড এন্ড মোবাইল ব্যাংকিং, বিকেবি, প্রকা, ঢাকা'কে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডসহ উপর্যুক্ত হিসাবায়ন পদ্ধতি বাস্তবায়নে সিবিএস এর অন্তর্ভূক্ত অনলাইন এবং অফলাইন শাখার করণীয় সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশনা ও সহায়তা প্রদানের অনুরোধ করা হলো</u>।
০৮। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক (**মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে**), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

১৫.০৬.২০২০

(খান তামজিদ আহমেদ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)